আল্লাহ সত্য বলেছেন তোমার ভাইয়ের পেটই মিথ্যা বলছে, তুমি তাকে মধু পান করাও।

আবূ সাঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, এক ব্যক্তি রাসূল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এসে বলল, আমার ভাই পেটের রোগে আক্রান্ত। তিনি বললেন, “তুমি তাকে মধু পান করাও”। লোকটি দ্বিতীয়বার আসল, তাকে বললেন, “তুমি
তাকে মধু পান করাও”। অতঃপর লোকটি তৃতীয়বার আসল, তখন তিনি বললেন, ““তুমি তাকে মধু পান করাও”। তারপর লোকটি এসে বলল, আমি মধু খাওয়াছি, তখন তিনি বললেন, “আল্লাহ সত্য বলেছেন তোমার ভাইয়ের পেটই মিথ্যা বলছে, তুমি তাকে মধু পান করাও”। তারপর সে তাকে আবার মধু
পান করালে সে সুস্থ হয়ে যায়।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ওয়াসাল্লামের নিকট এসে জানালো যে, তার ভাই পেটের রোগে কষ্ট পাচ্ছে। হাদীসের বিভিন্ন বর্ণনা দ্বারা স্পষ্ট হয় যে, রোগটি ছিল ডায়রিয়া। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার ভাইকে মধু পান করানোর নির্দেশ দিলেন। সে তাকে মধু পান করালো কিন্তু রোগ ভালো হলো না। অতঃপর সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সংবাদ দিল, তিনি তাকে পুণরায় মধু পান করানোর নির্দেশ দিলেন। সে আবারো মধু পান করালো কিন্তু ভালো হলো না। তারপর লোকটি আবারো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সংবাদ দিল, তিনি তাকে তৃতীয়বার পান করাতে বললেন, সে পান করাল কিন্তু ভালো হল না। সে আবার এসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সংবাদ দিল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “আল্লাহ সত্য বলেছেন তোমার ভাইয়ের পেট মিথ্যা বলছে, তুমি তাকে মধু পান করাও।” এতে দু’টি সম্ভাবনা রয়েছে: এক. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাহ তাকে অদৃশ্য বিষয় যা আল্লাহ তাকে ওহীর মাধ্যকে জানিয়ে দেন এবং অবগত করে দেন। আর তা হলো এ রোগের চিকিৎসা মধুর মাধ্যমে। তাই তিনি তাকে বার বার একই আদেশ দেন যাতে তাকে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে তার প্রতিফলন ঘটে। দুই. এ দ্বারা আল্লাহর বাণী: “তাতে রয়েছে মানুষের জন্য আরোগ্য।” এর প্রতি ইঙ্গিত করা হয়। আর তিনি জানতেন যে, এ ধরনের রোগের আরোগ্য মধুর মধ্যে রয়েছে। তারপর যখন চতুর্থবার তাকে মধু পান করানোর নির্দেশ দিলেন, লোকটি গিয়ে আবারো তার ভাইকে মধু পান করালো। তখন সে আল্লাহর অনুমতিতে আরোগ্য লাভ করল।

http://www.sunnah.global/hadeeth/bn/show/8300